

# Visit of Foreign Minister of Andorra to India

August 01, 2022

## অ্যান্ডোরার বিদেশমন্ত্রীর ভারত সফর

অগস্ট 01, 2022

অ্যান্ডোরা প্রিন্সিপালিটির বিদেশ বিষয়ক মন্ত্রী হার এক্সেলেন্সি শ্রীমতী মারিয়া উবাচ ফন্ট 31শে জুলাই থেকে 1 লা অগস্ট ভারতে একটি সরকারি সফর করছেন। 1994 সালে দুই দেশের মধ্যে কূটনৈতিক স্থাপনের পর থেকে এটাই বিদেশ মন্ত্রী পর্যায়ের প্রথম সফর।

2. বিদেশমন্ত্রী ডঃ এস জয়শংকর অ্যান্ডোরার বিদেশমন্ত্রীর সাথে দ্বিপাক্ষিক বৈঠক করেছেন এবং তারা দ্বিপাক্ষিক সম্পর্কের আগাগোড়া পর্যালোচনা করেছেন। উভয় মন্ত্রী অ্যান্ডোরা লা ভেলা তে একটি ইন্ডিয়ান অনারারি কনসুলেট খোলাকে স্বাগত জানিয়েছেন। মন্ত্রীরা নিয়মিত ভাবে বিদেশ দপ্তর পরামর্শ চালিয়ে যেতেও সম্মত হয়েছেন।

3. বহুপাক্ষিক ফোরামে ভারতের অবস্থান ও প্রার্থীপদকে সমর্থন জানানোর জন্য ডঃ জয়শংকর অ্যান্ডোরার বিদেশমন্ত্রীরকে ধন্যবাদ জ্ঞাপন করেছেন। বিদেশমন্ত্রী ইউএন পর্বত অংশীদারিত্ব উদ্যোগে অ্যান্ডোরার নেতৃত্ব প্রদানের জন্য এবং আইএমএফ-এ যোগদানের জন্য প্রশংসা ব্যক্ত করেছেন। তারা ইউ-র সাথে সম্পর্কের উন্নতিতে অ্যান্ডোরার প্রচেষ্টা নিয়ে আলোচনা করেছেন। তারা অ্যান্ডোরা লা ভেলা তে অনুষ্ঠিত বিগত লিবেরো-আমেরিকান সহযোগিতা এবং লিবেরো-আমেরিকান শীর্ষ সম্মেলন নিয়ে আলোচনা করেছেন। তারা পারস্পরিক স্বার্থের আঞ্চলিক ও বৈশ্বিক বিষয় নিয়ে মত বিনিময় করেছেন।

4. বৈঠকে মন্ত্রীরা বন্ধুত্বের অভিপ্রায়ে এবং সাধারণ সহযোগিতার উপরে একটি যৌথ বিবৃতিতে স্বাক্ষর করেছেন। এটি দুই দেশের মধ্যে শিক্ষা, সংস্কৃতি, বিজ্ঞান, তথ্য, যুব, ক্রীড়া, পর্যটন, কূটনীতি, স্বাস্থ্য এবং অন্যান্য ক্ষেত্রে সহযোগিতার পরিকার্যামো তৈরি করেছে। উভয় দেশ ভবিষ্যতে নির্দিষ্ট ক্ষেত্রে চুক্তি সমাপ্ত করায় উৎসাহ দেবে।

5. শ্রীমতী মারিয়া উবাচ ফন্ট, এনআইটিআই আয়োগের ভাইস চেয়ারম্যানের সাথেও সাক্ষাৎ করেছেন এবং এজেন্ডা 2030, এসডিজি ও জলবায়ু পরিবর্তনের মত বৈশ্বিক চ্যালেঞ্জগুলিকে সামলাবার জন্য কিভাবে ভারত ও অ্যান্ডোরা একযোগে কাজ করবে সেই বিষয়ে আলোচনা করেছেন। তিনি সিআইআই-তে শিল্প প্রতিনিধিদের সাথেও আলাপআলোচনা করেছেন। তিনি সুসমা স্বরাজ ইন্সটিটিউট অব ফরেন সার্ভিসে “নতুন আন্তর্জাতিক প্রাপ্তের পরিপ্রেক্ষিতে একটি ক্ষুদ্র ইউরোপিয় দেশের প্রতিবন্ধকতা” শীর্ষক বক্তব্য রেখেছেন।

6. অ্যান্ডোরা থেকে ভারতে সর্বপ্রথম মন্ত্রী পর্যায়ের সফরের ঐতিহাসিক বিশেষত্ব রয়েছে এবং আমাদের স্বাধীনতার 75 বছর পূর্তিতে সমস্ত রাষ্ট্রের সাথে সম্পর্ক স্থাপনের আকাঙ্ক্ষাকে প্রতিফলিত করে।

নিউ দিল্লি

অগস্ট 01, 2022

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.

